

# মধ্যপ্রদেশে কৃষক হত্যার প্রতিবাদে জনসভা

ন্যায়সঙ্গত দাবি নিয়ে আন্দোলনরত মন্দসৌর জেলার কৃষকদের উপর ৬ জুন পুলিশ গুলি চালিয়ে ৬ জনকে হত্যা করে, অনেকে মারাত্মকভাবে জখম হন। ১৪ জুন অশোকনগরে এস ইউ সি আই (সি) এবং এ আই কে কে এম এস আয়োজিত শহিদ স্মরণসভা শুরু হওয়ার ঠিক আগে বিজেপি সরকারের পুলিশ এসে শহিদ বেদি সহ সভার আনুষঙ্গিক জিনিসপত্র জবরদস্তি তুলে নিয়ে যায় এবং ২০ জন নেতা-কর্মীকে গ্রেপ্তার করে জেলে পাঠায়। এই চরম অগণতান্ত্রিক পদক্ষেপের প্রতিবাদে এবং শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে গুলিকাণ্ডের এক মাস পূর্তি দিবস ৬ জুলাই এস ইউ সি আই (সি) এবং এ আই কে কে এম এসের উদ্যোগে এক মহতী সভা অনুষ্ঠিত হয়। প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন দলের কেন্দ্রীয় কমিটির সদস্য তথা কৃষক সংগঠনের সর্বভারতীয় সভাপতি কমরেড সত্যবান। ছাত্র-যুব-মহিলা সহ সহস্রাধিক মানুষ সভায় অংশগ্রহণ করেন।